4

দৈনিক বাংলা

তারিখ ... 12 APR 1995 ..
পৃষ্ঠা ৫ কলাম ১ ...

৭৩ হাজার টাকা আত্মসাতের অভিযোগ

# মাদ্রাসা শিক্ষা বোর্ড চেয়ারম্যানসহ তিনজনের বিরুদ্ধে মামলা দায়ের

**স্টাফ রিপোর্টার ঃ** দুর্নীতি দমন ব্যুরো মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবদুস সালাম, ডেপুটি রেজিস্ট্রার সায়েদুর রহমান খান এবং হক লাইব্রেরীর মালিক মাসুদুর রহমানের বিরুদ্ধে প্রায় ৭৩ হাজার টাকা আত্মসাতের দায়ে সোমবার লালবাগ থানাতে একটি মামলা দায়ের করেছে।

জানা গেছে, মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ১৯৯৩ সনের ১৬ মার্চ উক্ত বোর্ড অনুমোদিত ১৪টি বইয়ের মধ্যে বিভিন্ন শ্রেণীর ৬টি বইয়ের ৪৬ হাজার সংখ্যা মুদ্রণ ও প্রকাশনার জন্য ৩৮/২ বাংলাবাজারস্থ 'হক লাইব্রেরীর' স্বত্বাধিকারী মোঃ মাসুদউল হকের বরাবরে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশের শর্তানুযায়ী উক্ত বইসমূহ প্রকাশনা ও বিক্রয়ের জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডের ঢাকা কর্তৃপক্ষকে রয়েলটি বাবদ এক লাখ ৬ হাজার ৭৪৯ টাকা ৭৫ পয়সা প্রদান করার কথা। হক লাইব্রেরীর স্বত্বাধিকারী উক্ত বইসমূহ যথারীতি মুদ্রণ, প্রকাশ ও বিক্রয় করে এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডকে রয়েলটি বাবদ এক লাখ ৬ হাজার ৭৪৯ টাকার স্থলে দুই কিস্তিতে ৩৩ হাজার ৭৪৬ টাকা প্রদান করে। গত ৯৪ সনের ৯ আগস্টে বাকি ৭২ হাজার ৯৯৩ টাকা ৭৫ পয়সা অবৈধভাবে মওকুফের জন্য বোর্ডের চেয়ারম্যান বরাবরে আবেদন করলে চেয়ারম্যান ও উপরেজিস্ট্রার রয়েলটির প্রাপ্ত টাকা অবৈধভাবে সুপারিশ অনুমোদন করে। লালবাগ থানার মামলা নম্বর ১২।